COAST Trust

অধিকার বার্তা

মে ২০২০ ইং | সংখ্যা-১৪ | দ্বিতীয় বছর

জনপ্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় এবং ডিএফআইডির আর্থিক সহায়তায় কোস্ট ট্রাস্ট, সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলা এবং কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন-প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা। প্রকল্পের মেয়াদকাল জানুয়ারী ২০১৯ ইং থেকে ডিসেম্বর ২০২১ ইং পর্যন্ত।

নাগরিক ফোরামের উদ্যোগে এমপি মহোদয়ের সহায়তায় গরীব মানুষের মাঝে খাদ্য ও ইফতার সামগ্রী বিতরণ।

স্থানীয় সংসদ সদস্য **জনাব আলহাজ্ব নুরুন্নবী চৌধুরী শাওন** যিনি খুবই দয়ালু ও ন্যায় পরায়ন একজন জননেতা হিসেবে পরিচিত। তিনি সব সময় অসহায়, গরীব ও মেহনতি মানুষের যেকোন সমস্যা, দুর্যোগ ও আপদকালীন সময়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন। তার এই মহানুভবতার সূত্র ধরেই বিভিন্ন সামাজিক সংগঠনের নেত্রীবৃন্দ বিশেষ করে ইউনিয়ন নাগরিক ফোরামের সদস্যরা ও স্থানীয় জনগণ মার্চের শুরুতে করোনা প্রাদুর্ভাব দেখা দেওয়ার সাথে সাথে তার সাথে মতবিনিময় করেন এবং করোনার ফলে সৃষ্ট দুর্যোগে কর্মহীন অসহায় মানুষের জন্য কি করা যেতে পারে এবং করোনা প্রতিরোধে জনগণকে কি ভাবে সচেতন করা যায় সেসব নিয়ে আলোচনা করার ফলে তিনি বিভিন্ন স্থানীয় লোকজন নিয়ে করোনা সম্পর্কে জনগনকে সচেতন করার জন্য পথসভা সহ বিভিন্ন প্রচার প্রচারণা শুরু করেন।

ছবি: মাননীয় এমপি মহোদয় ত্রান বিতরণের সময় সচেতনতামূলক বক্তব্য প্রদান করেন।

পরবর্তিতে করোনা পরিস্থিতির অবনতির সাথে সাথে এলাকায় দেখা দেয় চরম খাদ্য সংকট, তখনই বদরপুর ইউনিয়ন নাগরিক কমিটির সহসভাপতি রিনা আক্তার বর্ষার আন্তরিকতা ও উদ্যোগে এমপি মহোদয় এলাকার জন্য কিছু খাদ্য সামগ্রী বরাদ্ধ করেন। তারই ধারাবাহিকতায় বর্ষা বেগমের নেতৃত্বে কোস্ট ট্রাস্ট, সিইপিআই প্রকল্পের সহযোগিতায় অত্র ইউনিয়নের উপকারভোগীদের তালিকা থেকে অধিকাংশ পরিবারকে অগ্রাধিকার দিয়ে ৩০০ দরিদ্র পরিবারের একটি তালিকা প্রস্তুত করে তা যাচাই-বাছাই করে গত ১৮ মে ২০২০ ইং তারিখে এমপি মহোদয়ের উপস্থিতে দেবিরচর বাজার সংলগ্ন স্কুল মাঠে তাদের মধ্যে ত্রান ও ইফতার সামগ্রী বিতরণ করেন। জনগণের ডাকে দ্রুত সাড়া দেওয়ার জন্য এমপি মহোদয়কে ইউনিয়ন বাসীর পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। এ ধরনের একটি মহৎ কাজ করার সুযোগ পেয়ে বর্ষা বেগম কোস্ট ট্রাস্টকে ধন্যবাদ জানান।

ছবি: মাননীয় এমপি মহোদয় ত্রান বিতরণের সময় সচেতনতামূলক বক্তব্য প্রদান করেন।

ছবি: তালিকা দেখে বাড়িতে ত্রান পৌছে দেন ইউনিয়ন নাগরিক ফোরাম নেত্রী বর্ষা বেগম।

কুতুবজোম ইউনিয়ন নাগরিক ফোরামের সহায়তায় সেলাই মেশিন পেয়ে স্বাবলম্বী মোঃ আব্দুর রহমানের গল্প।

কুতুবজোম ইউনিয়নের মানুষের জীবিকা অর্জণের প্রধান পেশা হচ্ছে জেলে, পান বিক্রি ও লবন উৎপাদন। এই ছোট্র ঘরটির মধ্যে চেয়ারে বসে থাকা এই ছোট্র পরিবারের গল্প খুব সাধারণ। ছবিতে যাকে দেখা যাচ্ছে তার নাম হলো আব্দুর রহমান যিনি পেশায় একজন জেলে ছিলেন। একদিন প্রাকৃতিক প্রতিকূলতার মাঝে মাছ ধরতে নদীতে গেলে হাটুতে চরম আঘাত পেয়ে দুর্ঘটনার স্বীকার হন তিনি। দীর্ঘদিন বেকার থাকার ফলে তার ৫ সদস্যের পরিবার অনেক কষ্টে দিন পার করছিলো। তাহলে পরিবারটির চাকা চলছে কেমন করে? এটার স্পষ্ঠ উত্তর কেউ দিতে পারেননি, এরাও না! ইউনিয়নের নাগরিক ফোরামের সদস্য শুক্কুর আলী বিষয়টি জানার পর তার বাড়িতে দেখা করতে চলে যান এবং বিষয়টি স্থানীয় জনপ্রতিনিধিকে জানান। পরে তারা দু'জনে মিলে চেয়ারম্যানকে বিষয়টি অবগত করেন। চেয়ারম্যান মহোদয় সরেজমিনে গিয়ে বিষয়টি উপলব্ধি করেন এবং তাকে একটি সেলাই মেশিন ক্রয় করে দেন তার নিজস্ব তহবিল থেকে।

ছবি: চেয়ারম্যান মহোদয় ও দর্জি আব্দুর রহমান

চেয়ারম্যান ও মেম্বারের সহযোগিতায় তিনি আনসার ভিডিপি থেকে প্রশিক্ষণ পেয়েছেন এবং সেলাই এর কাজে মনোনিবেশ করেন।

বর্তমানে যে কঠিন সময় চলছে তাতে খেয়ে পরে বেঁচে থাকাটাই এখন মানুষের জন্য হুমকি স্বরুপ। করোনা ভাইরাস (কভিড-১৯) শুরু হওয়ার সাথে সাথেই তিনি বেকার হয়ে পরেছেন। করোনা সংকটে সঠিক ভোক্তা সেবা পচ্ছে কিনা যাচাইকালে

ছবি: চেয়ারম্যান, সরেজমিনে ভোক্তা সেবা যাচাই করণ।

চেয়ারম্যান মহোদয় তার সাথে দেখা করেন। প্রধানমন্ত্রীর দেওয়া বিভিন্ন উপহার সামগ্রী তাকে প্রদান করেন এবং **তার কাছে চেয়ারম্যান তার নীজের ঈদের জামা বানানোর জন্য অর্ডার করেন**। বর্তমানে মোঃ আব্দুর রহমান মোটামুটি সুখে দিন যাপন করছেন।

সরকারি ত্রান কমিটিতে ইউনিয়ন ও ওয়ার্ড নাগরিক ফোরাম সদস্যদের অন্তর্ভুক্তি ও ত্রান বিতরণে সক্রিয় অংশগ্রহণ।

বাংলাদেশে করোনা পরিস্থিতির অবনতির সাথে সাথে এলাকায় দেখা দেয় চরম খাদ্য সংকট। করোনায় ক্ষতিগ্রস্ত ৪৫০ পরিবারের মাঝে গত ১৯ মে ২০২০ তারিখে চরসামাইয়া ইউনিয়নে ঈদ উপলক্ষে মাননীয় সংসদ সদস্য জনাব **তোফায়েল আহমেদ**, এমপি মহোদয়ের পক্ষ থেকে ত্রান সহায়তা প্রদান করা হয়। ত্রান সহায়তায় অংশগ্রহণ করেন অত্র ইউনিয়নের চেয়ারম্যান জনাব মহিউদ্দিন মাতাব্বর, নাগরিক ফোরামের সদস্যগণ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ। সরকারের পক্ষ থেকে যখন ত্রান কমিটি গঠন করার ঘোষনা আসে তখন কোস্ট ট্রাস্ট এর কর্মীগণ এই তালিকায় নাগরিক ফোরামদের অন্তর্ভুক্তি হতে সহায়তা করেন। বিভিন্ন ওয়ার্ড থেকে মোট ৮ জন সরকারি ত্রান কমিটিতে অন্তর্ভুক্ত হন।

ছবি: মাননীয় এমপি মহোদয় ত্রান বিতরণের সময় সচেতনতামূলক বক্তব্য প্রদান করেন।

নাগরিক ফোরামের সদস্যগণ ও ত্রান কমিটির সদস্যরা মিলে ইউনিয়ন পরিষদের সাথে আলোচনা করেন এবং অত্র ইউনিয়নের গরীব মানুষের তালিকা থেকে যাতে সহায়তা পায় সেব্যাপারে গুরুত্বারোপ করেন। যখন ত্রান বিতরণ করা হয় তখন এই তালিকা থেকে মোট ১৩০ জন গরীব মানুষকে সহায়তা দেওয়া হয়। ত্রান বিতরণে ইউনিয়ন পরিষদকে তালিকা দিয়ে এবং সার্বিক সহযোগিতা করার জন্য পরিষদের পক্ষ থেকে নাগরিক ফোরামের সদস্যদের ধন্যবাদ জানানো হয়।

ছবি: স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে ত্রান বিতরণ।

নাগরিক ফোরামের উদ্যোগে এমপি মহোদয়ের নীজ অর্থায়নে গরীব মানুষের মাঝে খাদ্য ও ঈদ সামগ্রী বিতরণ।

বাংলাদেশে যখন মার্চ মাস থেকে করোনা ভাইরাস মহামারী শুরু হয় তখন থেকেই এ উপজেলার মাননীয় সংসদ সদস্য **জনাব আলী আজম মুকুল** তার দলীয় লোকজন নিয়ে প্রচার প্রচারণা শুরু করেন। সরকারী সহযোগিতা পোঁছানোর আগেই তিনি পোঁছে গেছেন মানুষের কাছে, দিয়েছেন বিভিন্নভাবে সাহায্য সহযোগিতা এবং দলীয় নেতাকর্মী ও নীজ নীজ অবস্থান থেকে সবাইকে এগিয়ে আসতে নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

ছবি: স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে ত্রান বিতরণ।

সৈয়দপুর ইউনিয়নের নাগরিক ফোরাম যারা দরিদ্র ও অসহায় মানুষদের জন্য কাজ করেন তারা এই ক্রান্তিকালীন বিষয়গুলো উপলব্দি করেন। তারা দৌলতখান উপজেলার মাননীয় এমপি মহোদয় এর সাথে যোগাযোগ করেন এবং এই মানুষুলার কি কি করা যেতে পারে তা নিয়ে এপমি মহোদয়ের সাথে আলোচনা করেন।

মাননীয় এমপি মহোদয় সৈয়দপুর ইউনিয়নে সরকারি ত্রান কমিটির মাধ্যমে নীজ অর্থায়নে গত ১৭ মে ২০২০ ইং তারিখে করোনা ভাইরাসের ফলে কর্মহীন মানুষের (৫০০ পরিবার) মাঝে ত্রান ও ঈদ সামগ্রী বিতরণ করেন। মাননীয় এমপি মহোদয় বলেন, করোনার প্রভাবে সাধারণ ছুটি শুরু হওয়ার সাথে সাথেই ত্রান বিতরণ করতে পেরে আমরা আনন্দিত। আমরা আল্লাহ্‌র কাছে প্রার্থনা করি যেন আমাদের সবাইকে এই বিপদ থেকে উদ্ধার করেন। নাগরিক ফোরামের সকলকে ধন্যবাদ আমাকে এরকম মহৎ কাজে উৎসাহ প্রদান এবং সহযোগিতা করার জন্য। আমরা চাইনা তবে যতদিন পর্যন্ত এই সংকট থাকবে ততদিন আমি ও আমার নেতা কর্মীরা করেনায় কর্মহীন মানুষের পাশে থাকবো ইনশাআল্লাহ।

ছবি: ত্রান বিতরণে সহযোগিতা করছেন ইউনিয়ন নাগরিক ফোরাম

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:
কোস্ট ট্রাস্ট, সিইপিআই প্রকল্প,
প্রকল্প প্রধান অফিস, সার্কিট হাউজ রোড,
চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা।
মোবাইল নং- ০১৭০৮-১২০৪০৭
মোবাইল নং- ০১৭০৮-১২০৪১৪
ইমেইল: thahazzud.coast@gmail.com

"সবাইকে ধন্যবাদ"